

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩০.২০.৭৯


তারিখ: ১০ মাঘ ১৪২৭  
২৫ জানুয়ারি ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব তাসলিমা সুলতানা (০১৫৯৪৩), সহকারি অধ্যাপক (গার্হস্থ্য অর্থনীতি), কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল গত ০৬/০১/২০২০ তারিখ থেকে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধির ৪ এর (৩) উপ-বিধির আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব তাসলিমা সুলতানা (০১৫৯৪৩)  
সহকারি অধ্যাপক (গার্হস্থ্য অর্থনীতি)  
কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

স্থায়ী ঠিকানা:


জনাব তাসলিমা সুলতানা  
পিতা: আব্দুল মান্নান  
মাতা: ফিরোজা বেগম  
২৮২/২ হিরন মহল, রায়েরবাজার  
বাংলাসড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব তাসলিমা সুলতানা (০১৫৯৪৩), সহকারি অধ্যাপক (গার্হস্থ্য অর্থনীতি), কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল গত ০৬/০১/২০২০ তারিখ থেকে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব